



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

www.barisalboard.gov.bd

স্মারক নং বশিবো/পনি/জেএসসি/২০১৫/ ৬২৩

তারিখঃ ০৫ অক্টোবর, ২০১৫

বিষয়ঃ প্রশ্নপত্রের নিরাপত্তা ব্যবস্থা জোরদার।

প্রশ্নপত্র গ্রহণ, সংরক্ষণ ও বিতরণ ব্যবস্থায় ভারপ্রাপ্ত কর্মকর্তাকে ব্যক্তিগতভাবে সতর্কতা অবলম্বন করার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে। নিরাপত্তা ব্যবস্থায় প্রশ্নপত্র সংরক্ষণ, ব্যবহার, পরীক্ষা শেষ হওয়ার তিন দিনের মধ্যে প্রশ্নপত্রের ব্যবহৃত প্যাকেট অথবা অব্যবহৃত অক্ষত প্যাকেট পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তরে ফেরত দিতে হবে।

- ক) কেন্দ্রের পরীক্ষার্থীর অনুপাতে বিষয়/পত্রের প্রশ্নপত্রের সংখ্যা বিবরণী অনুযায়ী ঠিক আছে কিনা যথাযথভাবে যাচাই পূর্বক এক কপি বিবরণী পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তরে পরীক্ষা শুরুর পূর্বে জমাদানের প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে। কেন্দ্রের পরীক্ষার্থীর সংখ্যা অনুপাতে বিবরণীতে উল্লিখিত প্রশ্নপত্রের বিষয়/পত্রের সংখ্যার কোনো তারতম্য কিংবা অসংগতি পরিলক্ষিত হলে তাৎক্ষণিকভাবে পরীক্ষা নিয়ন্ত্রককে অবহিত করতে হবে। প্রশ্নপত্র গ্রহণ করার পর থেকে পরীক্ষা শেষ হওয়া পর্যন্ত প্রশ্নপত্রের নিরাপদ হেফাজতের জন্য কঠোর নিরাপত্তামূলক ব্যবস্থা নিশ্চিত করতে হবে। পরীক্ষা শুরুর আগের দিন ট্রাংকে রক্ষিত প্রশ্নপত্রের প্যাকেট যাচাই করতে হবে।
- খ) প্রশ্নপত্রের সিল করা ট্রাংক ট্রেজারিতে অথবা বিকল্প ব্যবস্থায় থানা লকারে সংরক্ষণ করতে হবে।
- গ) পরীক্ষার সময়সূচি মোতাবেক ভারপ্রাপ্ত কর্মকর্তা পরীক্ষা আরম্ভ হওয়ার এক ঘণ্টা পূর্বে ট্রেজারি/থানায় উপস্থিত হয়ে তত্ত্বাবধায়ক অফিসারের সম্মুখে সিল করা ট্রাংক খুলবেন এবং ওই দিনের জন্য নির্ধারিত সেট অনুযায়ী প্রয়োজনীয় প্রশ্নপত্রের প্যাকেট বের করবেন। কোনোক্রমেই অন্য সেটের বা অন্য দিনের কোনো প্যাকেট ট্রাংক থেকে বের করে আনা যাবে না কিংবা কোনো প্যাকেটের সিল ভাঙ্গা বা কাটা যাবে না। পরীক্ষা শুরু হওয়ার আধ ঘণ্টা পূর্বে প্রশ্নপত্রের প্যাকেট খুলতে হবে। প্রশ্নপত্রের প্যাকেট খোলার সময় তিনজন ইনভিজিলেটরের সম্মুখে উক্ত প্যাকেটের ওপর এ মর্মে প্রত্যয়ন করতে হবে “আমাদের সম্মুখে আজ.....তারিখ রোজ.....বেলা.....টার সময় প্রশ্নপত্রের প্যাকেটটি খোলা হলো। প্যাকেটটির সিল যথাযথ ছিলো এবং তা অক্ষত অবস্থায় পাওয়া গেছে।”
- ঘ) কর্তব্যরত উর্ধ্বতন প্রশাসনিক কর্মকর্তা/তত্ত্বাবধায়ক কর্মকর্তা নিজস্ব এলাকায় যে কোনো সময় প্রশ্নপত্রের স্টক যাচাই করে দেখতে পারবেন।



মুহাম্মদ শাহ আলমগীর  
পরীক্ষা নিয়ন্ত্রক

ফোন: ০৪৩১-৬৪০৮৫

ই-মেইল-barisalboard@gmail.com

বরিশাল শিক্ষাবোর্ডের আওতাধীন সকল কেন্দ্রসচিব, জেএসসি পরীক্ষাকেন্দ্র-২০১৫

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলোঃ

- ১। জেলা প্রশাসক  
বরিশাল/ ঝালকাঠি/ পিরোজপুর/ পটুয়াখালী/ বরগুনা/ ভোলা
- ২। উপজেলা নির্বাহী অফিসার  
বরিশাল শিক্ষাবোর্ডের আওতাধীন সকল উপজেলা
- ৩। সংরক্ষণ